

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৬, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-৩ শাখা।

প্রজ্ঞাপন

তারিখ, ২০ অগ্নাহায়ণ ১৪১৪ বঙ্গাব্দ/০৪ ডিসেম্বর ২০০৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৭৩-আইন/২০০৭।—যেহেতু সরকার অত্র বিভাগের ২৬ ভাদ্র, ১৪১৪ বঙ্গাব্দ মোতাবেক ১০ সেপ্টেম্বর, ২০০৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২১৭-আইন/২০০৬ দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত শহর এলাকাকে দিনাজপুর জেলার পার্বতীপুর মিউনিসিপ্যালিটিভুক্ত করিয়া উহার সীমানা সম্প্রসারণের উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ সীমানা সম্প্রসারণের প্রস্তাব সম্বলিত একটি গণ-বিজ্ঞপ্তি জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহবান করিবার জন্য দিনাজপুর জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছে;

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী দিনাজপুর জেলার ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত শহর এলাকাকে পার্বতীপুর মিউনিসিপ্যালিটিভুক্ত করিবার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীন প্রস্তাবিত সীমানা সম্প্রসারণের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

( ৮৭১১ )

মূল্য : টাকা ২.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ord. No. XXVI of 1977) এর section 4(b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ২২শে অগ্রহায়ণ, ১৪১৪ বঙ্গাব্দ মোতাবেক ৬ ডিসেম্বর, ২০০৭ খ্রিস্টাব্দ তারিখ হইতে পার্বতীপুর মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত করিয়া উহার সীমানা সম্প্রসারণ করিল, যথা :—

**তফসিল**

ক্রঃ নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	রামপুর	পার্বতীপুর	৪০	১ হইতে ৫০০০, ৫০০১ হইতে ৭৮২৩।
(২)	রামপুর	খামার জগন্নাথপুর	৩৯	২ হইতে ১৫৯০।
(৩)	রামপুর	রামপুর	৩৩	১৬৭৪ হইতে ৩২১৬, ৫৪০১ হইতে ৭২১৬।
(৪)	রামপুর	ভোটগাছ	৩৭	৩০০১ হইতে ৪৪৬৫।
(৫)	পলাশবাড়ী	হলদীবাড়ী	৩৮	১ হইতে ৭৪১।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কবির আহামদ

সিনিয়র সহকারী সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।